



প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়

প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২, ইক্সটন গার্ডেন রোড, ইক্সটন, ঢাকা-১০০০।

নং-৫৩.১৬.২৬৬৬.৯৯৯.৭০.১০.১৯-২০১৯

তারিখঃ ০১.১২.২০১৯

আদেশ

যেহেতু আপনি, গত ০৭.১০.২০১৮ থেকে ০৮.১২.২০১৮ তারিখ পর্যন্ত মোট ৬৩ দিন অজিত ছুটি ভোগ করার পরেও কর্মসূলে যোগদান করেন নাই নাই। অতঃপর অত্র কর্তৃপক্ষ কর্তৃক আপনার বিনা অননুমোদিত অনুপস্থিতির কারণ জানার জন্য গত ০৮.০৮.২০১৯ তারিখে ৫৩.১৬.২৬৬৬.৯৯৯.০৮.০০১.১৮-১৮১৮ নং স্মারক মোতাবেক কারণ দর্শনোর নোটিশ ইস্যু করা হয়। তৎপ্রেক্ষিতে আপনি কর্মসূলে যোগদান না করে নিজের খেয়াল খুশিমত অন্তর্গত অবস্থান করে অনুপস্থিতির কারণ ব্যাখ্যা করেন এবং বর্ধিত ছুটির আবেদন গত ০৮.০৭.২০১৯ তারিখে প্রেরণ করেছেন। আপনি কর্মসূলে যোগদান না করে প্রবাসী কল্যাণ ব্যাংক চাকুরী প্রবিধানমালা, ২০১৩ এর বিধি বিধান প্রতিপালন না করে নিজের খেয়াল খুশিমত অনুপস্থিতির জবাব এবং বর্ধিত ছুটির আবেদন প্রেরণ করেছেন। আপনার এরূপ আচরণ প্রবাসী কল্যাণ ব্যাংক চাকুরী প্রবিধানমালার পরিপন্থী কার্যকলাপ হিসেবে বিবেচনাযোগ্য। সেহেতু উক্ত জবাব এবং ছুটির প্রার্থনা কর্তৃপক্ষ কর্তৃক না মঞ্জুর করা হয়েছে, যার প্রেক্ষিতে গত ০৯.১২.২০১৮ তারিখ হতে অদ্য ০২.০৯.২০১৯ তারিখ পর্যন্ত ২৬৮ দিন কর্মসূলে অনুপস্থিত আছেন। আপনার এহেন কার্যকলাপ প্রবাসী কল্যাণ ব্যাংক চাকুরী প্রবিধানমালা, ২০১৩ এর ৪০(গ) বিধি মোতাবেক অননুমোদিত অনুপস্থিতি বা পলায়নের অপরাধ হিসাবে বিবেচনাযোগ্য;

যেহেতু আপনি, গত ০৯.১২.২০১৮ খ্রি তারিখ হতে অদ্যবধি কর্মসূলে যোগদান করেন নাই এবং আপনার উপর অর্পিত দায়িত্ব পালন করা হতে বিরত রয়েছেন। আপনার এরূপ কার্যকলাপ প্রবাসী কল্যাণ ব্যাংকের চাকুরী প্রবিধানমালার বিধি ৪০(ক) বিধি মোতাবেক দায়িত্ব পালনে অবহেলার অপরাধ;

যেহেতু আপনি, ৪০(খ) বিধি মোতাবেক অসদাচরণের অপরাধ হিসেবে বিবেচিত;

যেহেতু আপনাকে, প্রবাসী কল্যাণ ব্যাংক চাকুরী প্রবিধানমালা, ২০১৩ এর ৪০ (ক), (খ) ও (গ) বিধি অনুযায়ী যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণের দায়ে দোষী এবং অননুমোদিত অনুপস্থিতি বা পলায়নের দায়ে অভিযুক্ত করে গত ০২.০৯.২০১৯ তারিখে বিভাগীয় মামলা নং- ১০/২০১৯ বন্ধু করা হয়।

সেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ পর্যালোচনা সাপেক্ষে নিম্নোক্ত শাস্তি প্রদান করা হলো:

- (১) গত ১০.১২.২০১৮ তারিখ হতে ২৩.১০.২০১৯ তারিখ পর্যন্ত মোট ৩১৯দিন বিনা অনুমতিতে অনুপস্থিত থাকায় উক্ত সময় বিনা বেতনে ছুটি হিসেবে গণ্য করা হলো। এ সময়ে কোন প্রকার আর্থিক সুবিধা প্রাপ্ত হবেন না।
- (২) আপনার বিরুদ্ধে আনীত ০৩টি অভিযোগ প্রবাসী কল্যাণ ব্যাংক চাকুরী প্রবিধানমালার ৪০ (ক) বিধি মোতাবেক দায়িত্ব পালনে অবহেলা, ৪০ (খ) বিধি মোতাবেক অসদাচরণের অপরাধ, ৪০ (গ) বিধি মোতাবেক বিধি মোতাবেক অননুমোদিত অনুপস্থিতি বা পলায়নের দায়ে দোষী হওয়ায় উক্ত প্রবিধানমালার ৪১ এর (১)এর (ক) এর (আ) বিধি মোতাবেক আগামী জুলাই, ২০২০ এবং জুলাই, ২০২১ এর বার্ষিক বেতন বর্ধন স্থগিত রাখা রাখা হলো।

✓

চলমান পাতা-২



প্রবাসী কল্যাণ ব্যাংক


প্রধান কার্যালয়

প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২, ইক্সটিন গার্ডেন রোড, ইক্সটিন, ঢাকা-১০০০।

পাতা- ০২

- (৩) আপনার ১০.১২.২০১৮ তারিখ হতে ২৩.১০.২০১৯ তারিখ পর্যন্ত মোট ৩১৯ দিন বিনা বেতনে ছুটিতে থাকায়
জুলাই, ২০১৯ সালের বার্ষিক বেতন বৃদ্ধি বক্স করা হলো যা ভবিষ্যতে কখনোই প্রাপ্য হবেন না।

এমতাবস্থায়, উপরোক্ত সিদ্ধান্তের ভিত্তিতে বিভাগীয় মামলা নং- ১০/২০১৯ নিষ্পত্তি করা করা হলো।



(মোঃ জসীম উদ্দিন)
উপব্যবস্থাপনা পরিচালক


জনাব নুসরাত ইয়াসমিন
এক্সিকিউটিভ অফিসার
প্রবাসী কল্যাণ ব্যাংক, খুলনা শাখা
ফ্লাট নং- ৮ই, ফেয়ার সেলিম টাওয়ার
৪৫, লালচাঁন মকিম লেন,
টিপু সুলতান রোড, ওয়ারি, ঢাকা।

স্থায়ী ঠিকানা:

প্রয়ত্নে- নজরুল ইসলাম খাঁন
মাতাঃ কাকুলী পারভীন
গ্রামঃ চৌরখালী, ডাকঘরঃ বড়দিয়া
উপজেলাঃ নড়াগাতি, জেলাঃ নড়াইল।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

০১. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২. বিভাগীয় প্রধান (সকল), প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩. আইটি বিভাগ, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৪. শাখা ব্যবস্থাপক, খুলনা শাখা, (উপরোক্ত সিদ্ধান্ত অনুযায়ী বেতন-ভাতাদি প্রদান ও সমন্বয় করার অনুরোধসহ)।
০৫. শাখা ব্যবস্থাপক (সকল) সদয় অবগতির জন্য।
০৬. অফিস কপি।



০১/৪২/১৯